# প্রেস বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০৩ নভেম্বর ২০২১

## 'Sustainable Economic Recovery Program (Subprogram-1)' শীর্ষক কর্মসূচির জন্য বাংলাদেশ সরকার ও Asian Infrastructure Investment Bank (AIIB)'র মধ্যে ঋণচুক্তি স্বাক্ষর।

০২ নভেম্বর ২০২১ খ্রি. তারিখে **'Sustainable Economic Recovery Program (Subprogram-1)' শীর্ষক কর্মসূচির** বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও AIIB এর মধ্যে ২৫০ (দুইশত পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি **ভার্চুয়ালি** স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ্ ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AIIB'র পক্ষে Mr. D.J. Pandian, Vice President, Investment Operations Region 1 ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

কোভিড-১৯ এর ক্ষতিকর প্রভাব হতে দেশের অর্থনীতিকে পুনরুদ্ধারে এবং টেকসই প্রবৃদ্ধি অব্যাহত রাখতে নীতিগত সংস্কার (Policy Reform ) আনয়নের লক্ষ্যে এ কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচিটির মূল অর্থায়নকারী এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)। AIIB এ কর্মসূচিতে যৌথ-অর্থায়নকারী। এ কর্মসূচির আওতায় পাবলিক ফাইন্যান্স ম্যানেজমেন্ট (পিএফএম) সিস্টেম সংস্কার ও শক্তিশালীকরণের মাধ্যমে ব্যয় সংকোচন ও যুক্তিযুক্তকরণে পদক্ষেপ নেয়া হবে যা দেশের রাজস্ব আয় বৃদ্ধি ও আর্থিক সংস্থান সম্প্রসারণে সহায়তা করবে। এছাড়াও ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পের মতো শিল্প ও উদ্যোক্তা যাদের অর্থায়নের উৎস অপ্রতুল তাদের জন্য অর্থায়নের সুযোগ তৈরির ব্যবস্থা নির্ধারণও এ কর্মসূচির লক্ষ্য।

আলোচ্য প্রকল্পের জন্য AIIB হতে গৃহীত ঋণ ০৩ (তিন) বছরের গ্রেস পিরিয়ডসহ ২০ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের জন্য ফ্রন্ট এন্ড ফি হিসেবে ০.২৫% এবং কমিটমেন্ট ফি হিসেবে অব্যয়িত অর্থের ওপর বাৎসরিক ০.২৫% পরিশোধ করতে হবে। এ ঋণের সুদের হার নির্ধারিত হবে Reference Rate+ Variable Spread or such rate as may apply following a Conversion (Conversion from LIBOR to SOFR) এর ভিত্তিতে।


কাওসার জাহান

উপসচিব

ফোন: ৯১৮০৮৭৬

Email: asial@erd.gov.bd